# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

**A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION**

**FIRST TERM – 2018**

**Sub: Bengali 3rd Lang.** | **Class - VI B** | **F. M. : 90**

**Duration : 2 $^{1}/_{2}$ Hrs.** | **Date : 21.04.2018**

## বিভাগ - ক

১। ফাঁকা জায়গায় সঠিক অক্ষর বসাও : ৫x১=৫

ক) পা .... ড় খ) বি .... ম গ) আ .... হ ঘ) স .... জ ঙ) যাদু .... র

২। সঠিক উত্তর বেছে লেখ : ৫x১=৫

ক) ছুটছে যেন - (মাটির / লোহার / সোনার) দানব।

খ) সত্যবাবুর মনে কোন - (ভয় / ঘৃণা / সুখ) ছিল না।

গ) ব্রত কোন দিন একা - (শয়নে / ভ্রমণে / গমনে) যায় না।

ঘ) চলছে গাড়ি - (দোকান / পাহাড় / বাজার) এড়িয়ে।

ঙ) ভল্লুকটিকে ডাঙায় তুলেছিল - (হরিমুল্লা / হাবিবুল্লা / বিসমিল্লা) মাঝি।

৩। বাঁ দিকের শব্দের সাথে ডান দিকের অর্থ সাজিয়ে পাশাপাশি লেখ : ৫x১=৫

ক) একতা - আলস্য

খ) কুঁড়েমি - পল্লব

গ) পাতা - ঐক্য

ঘ) সাদা - প্রভাত

ঙ) সকাল - শুক্লা

৪। একটি শব্দে উত্তর দাও : ৫x১=৫

ক) কু-উ ঝিক্ ঝিক্ করে কী যায়?

খ) ব্রত কোন গ্রামের ছেলে?

গ) চিড়িয়াখানা কোথায়?

ঘ) সত্যবাবুর কী খাওয়া তাঁর অভ্যাস ছিল?

ঙ) কোথায় ভল্লুকটি ধরা পড়েছিল?

৫। শূন্যস্থান পূরণ কর : ৫x১=৫

ক) মনুষ্যের ........... সাধন করাই তাঁর লক্ষ্য।

খ) সাথে আছে হাজার ........... ।

গ) জলের ........... ভল্লুকটি ভাসছিল।

ঘ) খুব সকালে ব্রত ........... থেকে জেগে ওঠে।

ঙ) সকলে মিলে তাকে ........... দিল।

## বিভাগ - খ

১। নিচের শব্দগুলির অর্থ লেখ ও শব্দটি বসিয়ে বাক্য গঠন কর : ৫x২=১০

ক) শূন্য খ) কামরা গ) প্রত্যহ ঘ) পল্লব ঙ) বাল্যকাল

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ৫x৩=১৫

ক) নদীর তীরে কী রঙের বাড়ি ছিল? সেই বাড়িতে কে থাকত?

খ) সত্যবাবুর লক্ষ্য কি? এজন্য তিনি কী করতেন?

গ) সকালে কে কে ভ্রমণ করে? কোথয় ভ্রমণ করে?

ঘ) কোন সময়ে দেবীর আরাধনা করা হয়?

ঙ) দেবমালা কে? সে কি কি পড়ে?

চ) কে কে শ্লোক পাঠ করে? শ্লোক পাঠ শুনে কারা খুশী হয়?

ছ) দেবমালার কেন সাফল্য আসে?

## বিভাগ - গ

১। রেলগাড়ি কবিতাটির প্রথম আট লাইন মুখস্থ লেখ। ৮

২। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

ক) যাদুকর কে? তিনি ব্রতর বাবাকে কি বলেছিলেন? ৪

খ) দিল্লী থেকে কারা, কোথায় কী দেখতে এসেছিল? দেখে তাদের কেমন লেগেছিল? ৫

গ) সত্যবাবুর ছেলে কি করত? তার জীবনে কিভাবে সাফল্য এল? ৫

ঘ) কি দেখে ব্রত আর তার বাবা অবাক হয়েছিলেন? ৪

ঙ) সত্যবাবু কেমন লোক ছিলেন? ৪

চ) 'খোকা, এই লাঠিটায় হাত দাও' ৫

১। কে কাকে একথা বলেছে?

২। 'খোকা' কাকে বলা হয়েছে?

৩। সে কেন একথা বলেছে?

৪। এই লাইনটি কোথা থেকে নেওয়া হয়েছে?

ছ) 'পরে তার উল্লাস দেখে কে'। ৫

১। কেন বলা হয়েছে?

২। কোন গল্প থেকে লাইনটি নেওয়া হয়েছে?

৩। তাকে সবাই মিলে কোথায় পাঠালো?

৪। কার উল্লাসের কথা বলা হয়েছে?

Gautam Kumar Sengupta
25.04.2018

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

**A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION**
**QUESTION ANSWER SOLUTION**
**FIRST TERM – 2018**

**Sub: Bengali 3rd Lang.** **Class - VI B** **F. M. : 90**
**Duration : 2 $^{1}/_{2}$ Hrs.** **Date : 21.04.2018**

বিভাগ - ক

১। ফাঁকা জায়গায় সঠিক অক্ষর বসাও : ৫x১=৫

উত্তর: ক) পা হা ড়  খ) বি শ্রা ম  গ) আ গ্র হ  ঘ) স বু জ  ঙ) যা দু ক র

২। সঠিক উত্তর বেছে লেখ : ৫x১=৫

উত্তর ক) ছুটছে যেন লোহার দানব।
খ) সত্যবাবুর মনে কোন ভয় ছিল না।
গ) ব্রত কোন দিন একা ভ্রমণে যায় না।
ঘ) চলছে গাড়ি পাহাড় এড়িয়ে।
ঙ) ভল্লুকটিকে ডাঙায় তুলেছিল হাবিবুল্লা মাঝি।

৩। বাঁ দিকের শব্দের সাথে ডান দিকের অর্থ সাজিয়ে পাশাপাশি লেখ : ৫x১=৫

উত্তর ক) একতা - ঐক্য
খ) কুঁড়েমি - আলস্য
গ) পাতা - পল্লব
ঘ) সাদা - শুক্লা
ঙ) সকাল - প্রভাত

৪। একটি শব্দে উত্তর দাও : ৫x১=৫

| | | | |
|---|---|---|---|
| উত্তর | ক) | কু-উ ঝিক্ ঝিক্ করে কী যায়? | রেলগাড়ি |
| | খ) | ব্রত কোন গ্রামের ছেলে? | বিশ্রামপুর গ্রামের |
| | গ) | চিড়িয়াখানা কোথায়? | কল্ললিনী কলকাতায় |
| | ঘ) | সত্যবাবুর কী খাওয়া তাঁর অভ্যাস ছিল? | ছোলা |
| | ঙ) | কোথায় ভল্লুকটি ধরা পড়েছিল? | মল্লিকপুর গ্রামে |

৫। শূন্যস্থান পূরণ কর : ৫x১=৫

উত্তর ক) মনুষ্যের কল্যাণ সাধন করাই তাঁর লক্ষ্য।
খ) সাথে আছে হাজার মানব।
গ) জলের প্লাবনে ভল্লুকটি ভাসছিল।
ঘ) খুব সকালে ব্রত নিদ্রা থেকে জেগে ওঠে।
ঙ) সকলে মিলে তাকে চিড়িয়াখানায় দিল।

## বিভাগ - খ

১। নিচের শব্দগুলির অর্থ লেখ ও শব্দটি বসিয়ে বাক্য গঠন কর : ৫x২=১০

উত্তর ক) শূন্য - খালি বাক্য - মোহন অঙ্কে শূন্য পেয়েছে।

খ) কামরা - ঘর বাক্য - আমাদের বাড়িতে তিনটি কামরা আছে।

গ) প্রত্যহ - প্রতিদিন বাক্য - আমাদের প্রত্যহ পড়তে বসা উচিত।

ঘ) পল্লব - পাতা বাক্য - গাছের খাবার তার পল্লব তৈরী হয়।

ঙ) বাল্যকাল - ছেলেবেলা বাক্য - আমরা বাল্যকালে খুব দুষ্টুমি করি।

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ৫x৩=১৫

উত্তর ক) নদীর তীরে লাল রঙের বাড়ি ছিল। সেই বাড়িতে ধ্রুব থাকত।

খ) সত্যবাবুর লক্ষ্য মনুষ্যের কল্যাণ সাধন করাই। এজন্য তিনি ধান্য, খাদ্যসষ্য ইত্যাদি দান করতেন?

গ) সকালে ব্রত ও তার বাবা শুভ্রবাবু ভ্রমণ করে। তরা ভ্রমণ করতে নদীর তীরে যায়।

ঘ) মাঘ মাসে শুক্লা তিথিতে সকলে ফুল্য কুসুমে দেবীর বীণাপানির আরাধনা করা হয়।

ঙ) দেবমাল্য সত্যবাবুর ছেলে। সে প্রতিদিন পাঠ্য বই থেকে গদ্য,পদ্য ও কাব্য পাঠ করেন।

চ) কল্লোল ও পল্লবী শ্লোক পাঠ করে। শ্লোক পাঠ শুনে পল্লীবাসীরা খুশী হয়।

ছ) দেবমাল্য গুরুজনদের বাধ্য থাকে এবং নিত্য পাঠ্য বই থেকে গদ্য, পদ্য ও কাব্য পাঠ করে। তার এই নিয়মিত অভ্যাসেই সাফল্য আসে।

## বিভাগ - গ

১। রেলগাড়ি কবিতাটির প্রথম আট লাইন মুখস্থ লেখ। ৮

উত্তর উড়িয়ে ধোঁয়া ভক্ ভক্
রেলের গাড়ি ঝক্‌ঝক্
ঝমর্ ঝম্ লোহার চাকায়
বাজিয়ে বাঁশি যায়।
হেথা-হোথা যায় সে চলে
অনেকগুলো কামরা মিলে,
ছুটছে যেন লোহার দানব
সাথে আছে হাজার মানব।

২। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

Gautam Kumar Sengupta
25.04.2018

উত্তর ক) যাদুকর ধ্রুব মিত্র যে লাল বাড়িতে বাস করতেন। তিনি ব্রতর বাবা শুভ্রবাবুকে বলেছিলেন যে তিনি ধ্রুব মিত্র, তিনি যাদুকর। ৪

খ) দিল্লী থেকে মল্লিকা, ফুল্লরা ও ফুল্লরা কলকাতায় পল্লীবাসীদের পূজা দেখতে এসেছিল। দেখে তাদের খুব ভাল লেগেছিল এবঝং তারা খুব উৎসাহিত হয়েছিলেন। ৫

গ) দেবমাল্য প্রত্যহ পাঠ্য বই থেকে গদ্য,পদ্য ও কাব্য পাঠ করতেন।
তিনি গুরুজনদের বাধ্য থাকতেন এবং প্রত্য পাঠ বই থেকে গদ্য, পদ্য ও কাব্য পাঠ করেন। তার এই নিয়মিত অভ্যাসে তার সাফল্য আসে। ৫

ঘ) যাদুকর ধ্রুব মিত্র ব্রতকে একটা লাল লাঠি চোখ বুজে ধরতে বলল। চোখ খুললে লাল লাঠির বদলে লাল দুটি পায়রা হয়ে গেল। তারপর যাদুকর ব্রত কে তার বাড়ি রঙ টা দেখতে বলল। ব্রত বলল লাল। তার পরে আর চোখ বুজে চোখ খুলে দেখলো বাড়িটার রঙ সবুজ আবার চোখ বুজে, চোখ খুলে দেখেল বাড়িটার রঙ আবার লাল। এই সব দেখে ব্রত ও তার বাবা অবাক হয়েছিলেন। ৪

ঙ) সত্যবাবু খুব ভাল লোক ছিলেন। তার কোন কিছুতেই ভয় ছিল না। তিনি রোজ ভোরবেলা ব্যায়াম করতেন। কোন কাজে তার আলস্য ছিল না। মনুষ্যের কল্যাণ সাধন করাই তার লক্ষ্য। এর জন্য তিনি ধান্য, খাদ্য, শস্য ইত্যাদি দান করেন, বৈষম্য সহ্য করেন না, কাউকে শূন্য হাতে ফেরান না। ৪

চ) 'খোকা, এই লাঠিটায় হাত দাও' ৫

১। যাদুকর ধ্রুব মিত্র এই কথাটি ব্রতকে বলেছিলেন।

২। খোকা ব্রত কে বলা হয়েছে।

৩। সে এই কথাটা ব্রত ও তার বাবাকে যাদু দেখানোর কারণে বলেছিলেন।

৪। এই লাইনটি ধ্রুব মিত্রের যাদুর খেলা গল্প থেকে নেওয়া হয়েছে।

ছ) 'পরে তার উল্লাস দেখে কে'। ৫

১। ভল্লুকটি জলের প্লাবনে ভাসছিল। হাবিবুল্লা মাঝি তাকে ডাঙায় তুলেছিল। সেই দেখে ভল্লুকটি উল্লাসিত হয়েছিল।

২। লাইনটি ভল্লূক গল্প থেকে নেওয়া হয়েছে।

৩। তাকে সবাই মিলে কল্ললিনী কলকাতার চিড়িয়াখানায় পাঠান হয়েছে।

৪। ভল্লুকের উল্লাসের কথা বলা হয়েছে?

--------